

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
web: www.modmr.gov.bd

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৭-৫৯৮

তারিখঃ ০৬/০৬/২০১৮ খ্রিঃ
সময়ঃ দুপুর ২.০০টা

বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্রবন্দর সমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

০৬ জুন ২০১৮ খ্রিষ্টাব্দ সন্ধ্যা ০৬টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদী বন্দরসমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ রংপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, টাঙ্গাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘণ্টায় ৪৫-৬০ কি:মি বেগে অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। সেই সাথে বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এসব এলাকার নদী বন্দরসমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায়, খুলনা, বরিশাল, ঢাকা, ময়মনসিংহ ও রাজশাহী বিভাগের কিছু কিছু জায়গায় এবং রংপুর বিভাগের দু'এক জায়গায় অস্থায়ী দমকা হাওয়া ও বিজলী চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি অথবা বজ্রবৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী বর্ষন হতে পারে। তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন) দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু সারাদেশে বিস্তার লাভ করতে পারে।

গত ২৪ ঘন্টার উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গতকাল সকাল ৯.০০টা থেকে আজ সকাল ৯.০০টা পর্যন্ত) :

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)
লাটু	৭৫.০	মৌলভীবাজার	৪৬.০
মনু রেলওয়ে ব্রিজ	৭৩.০	নকুয়াগাঁও	৪০.৫

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৫.৪	৩৪.৫	৩৫.০	৩৫.০	৩৬.০	৩৬.১	৩৪.৭	৩৪.২
সর্বনিম্ন তাপমাত্রা	২৩.৮	২৫.০	২৫.৩	২৩.৫	২৫.৮	২৬.৬	২৫.৮	২৫.৭

দেশের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা: সর্বোচ্চ তাপমাত্রা রাজারহাট ৩৬.১° এবং সর্বনিম্ন সিলেট ২৩.৫° সেঃ।

নদ-নদীর সর্বশেষ অবস্থা:

পর্ববেষ্টিত পানি সমতল স্টেশন	৯৪	অপরিবর্তিত	০৫
বৃদ্ধি	১৯	তথ্য পাওয়া যায় নাই	০৫
হ্রাস	৬৫	বিপদসীমার উপরে	০০

অন্য দেশের সকল নদ-নদীর পানি বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- ব্রহ্মপুত্র যমুনা এবং গংগা পদ্মা নদ নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে।
- উত্তর পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার কুশিয়ারা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, এছাড়া অন্যান্য প্রধান নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে।
- ব্রহ্মপুত্র যমুনা ও গংগা পদ্মা নদ নদীসমূহের পানি সমতল হ্রাস আগামী ৭২ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।



